

৩৪

দৈনিক ইত্তেফাক

১২৭

তারিখ 25 APR 1993

পৃষ্ঠা ৬ ... কলাম ৭ ...

এস এস সি ইংরেজী ২য় পত্র

১৯ জন শিক্ষক ও দেড় হাজার পরীক্ষার্থী বহিষ্কৃত

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল শনিবার এসএসসি ইংরেজী দ্বিতীয় পত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৪টি বোর্ডের আওতায় সারাদেশে দেড় হাজার পরীক্ষার্থী এবং অসদুপায় অবলম্বনে সহায়তা করার অভিযোগে ১৯ জন শিক্ষক বহিষ্কৃত হইয়াছেন। মৌলভীবাজার সদরে অপ্রীতিকর ঘটনা ছাড়া সারাদেশে মোটামুটি শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হয়। মৌলভীবাজারে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের সময় কর্তব্যরত ম্যাজিষ্ট্রেট কয়েকজন পরীক্ষার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে গেলেন একদল উত্তেজিত তরুণ

ম্যাজিষ্ট্রেটের সরকারী গাড়ী ভাঙচুর করে। পুলিশ এই সময় বহিরাগত ৪ জন তরুণকে গ্রেফতার করিয়া থানায় নিয়া যায়।

গতকাল রাজশাহী শিক্ষাবোর্ডে সর্বাধিকসংখ্যক পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে। ইত্তেফাকের সংবাদদাতাবৃন্দ ও বোর্ডসূত্রে প্রাপ্ত তথ্য অনুযায়ী এই বোর্ডে বহিষ্কারের সংখ্যা ৬০৩। কুমিল্লা বোর্ডে মোট বহিষ্কারের সংখ্যা ৩৮৫, ঢাকা বোর্ডে ২৯১ এবং যশোর বোর্ডে ১৬৭।